Sagittarius.inc®
COMMUNICATION ARCHITECTS
#roaring20

Pushpak 1st Floor 18/1 Deodar Street, Kolkata - 700019, West Bengal, India
Tel +91 33 2454 0101 / 2454 5556 Telefax +91 33 2476 1445 M 98300 17953 E sagittariusinc.pr@gmail.com / shiladit73@gmail.com W www.sagittariusinc.in

| | | | |
|---|---|---|---|
| **Publication** | Aajkaal | | **Edition:** Kolkata |
| **Client** | Abha Surgy Centre | **Page:** 09 | **Date :** 31.08.2024 |



# নারীর পূর্ণতা মাতৃত্বে

বিজ্ঞাপন ক্রোড়পত্র

ডাঃ বাণী কুমার মিত্র

কীভাবে এক দম্পতির পিতৃত্ব-মাতৃত্বের স্বপ্ন আভা সারজিতে সত্যি হল

'প্রথমে আমরা একে অপরকে পেয়েছিলাম। তারপর আমরা তোমাকে পেলাম। এখন আমাদের সবকিছু আছে।' সংক্ষেপে এই ছোট লাইনটি পিতৃত্ব ও মাতৃত্বের অপরিসীম আনন্দকে প্রকাশ করে। বেশির ভাগ দম্পতি কেন তাঁদের নিজস্ব পরিবার শুরু করতে চান এবং তাঁদের ছোট্ট সন্তানের আগমনে গভীর সুখ পান, তা বোঝা কঠিন নয়। তবে আমরা জানি, সবার জন্য গল্পটি এক নয়। এমন কিছু দম্পতি আছেন যাঁরা প্রাকৃতিক ভাবে পিতা-মাতা হতে ব্যর্থ হন। World Health Organisation (WHO)-এর মতে বন্ধ্যাত্ব হল পুরুষ বা মহিলার প্রজনন ব্যবস্থার একটি রোগ, যাতে তাঁরা ১২ মাস চেষ্টা করার পরও গর্ভধারণে ব্যর্থ হন।

তবে ভাল খবর হল যে, বিজ্ঞানের দ্রুত অগ্রগতি এবং IVF-সহ সহায়ক প্রজনন প্রযুক্তির (ART) মাধ্যমে ডাক্তাররা অনেক নিঃসন্তান দম্পতির পিতৃত্ব-মাতৃত্বের স্বপ্ন পূরণ করতে সফল হচ্ছেন। এই প্রবন্ধে আমরা ৩০-এর মধ্যে এক দম্পতির কেস স্টাডি উপস্থাপন করছি, যাঁরা একসময় পিতা-মাতা হতে ব্যর্থ হয়েছিলেন এবং পিতা-মাতা হওয়ার ইচ্ছেয় আভা সারজি সেন্টার (Abha Surgy Centre)-এ চিকিৎসার জন্য এসেছিলেন। সম্ভাব্য মায়ের বয়স ছিল প্রায় ৩৫ বছর। তিনি ৯ বছর ধরে বিবাহিত ছিলেন এবং হাইপো থাইরয়েডে ভুগছিলেন, অর্থাৎ তাঁর থাইরয়েড গ্ল্যান্ড শরীরে প্রয়োজনীয় স্তরের হরমোন তৈরি করতে পারছিল না। স্বামীও হাইপার টেনশনের রোগী ছিলেন। ৯ বছরের বিবাহিত জীবনে সেই মহিলা কখনও গর্ভধারণ করতে সক্ষম হননি। তিনি আগে একটি ভিন্ন চিকিৎসা কেন্দ্রে Laparoscopy করিয়েছিলেন যেখানে রিপোর্টে বলা হয়েছিল যে, এটি 'অজানা বন্ধ্যাত্ব'র একটি কেস ছিল কারণ তাঁর Fallopian Tube ঠিক ছিল। এবং তাঁর ডিম্বাণু সংরক্ষণ (Ovary) স্বাভাবিক ছিল। দম্পতি একবার IUI (Intrauterine insemination) এবং দু'বার IVF করার চেষ্টা করেছিলেন বিভিন্ন চিকিৎসা কেন্দ্রে এবং ব্যর্থ হয়েছিলেন।

Abha Surgy-তে আমরা পূর্ববর্তী পরীক্ষাগুলি আবার পরীক্ষা করে দেখি যে, সেগুলি সঠিক ছিল। তবে আমরা Ovum-এর গুণমান সম্পর্কে সন্দিহান ছিলাম, যা একটি সমস্যার কারণ হতে পারে। আমরা রোগীকে Ovum pick up এবং Frozen embrio-র transfer-এর মাধ্যমে রেখেছিলাম। দুর্ভাগ্যবশত এটি সফল হয়নি। এরপর কারণ নির্ধারণের জন্য একটি ERA টেস্ট করি। এরপর আমরা দ্বিতীয় IVF-এ সফল হই।

যখন প্রথম Embrio Transfer সফল হয়নি, তখন আমরা তাঁর endomatrium-এর (Uterus-এর inner lining) একটি বিস্তারিত পরীক্ষা করেছি। দ্বিতীয় বার এটি সফল হয়।

ডাঃ বাণী কুমার মিত্র এবং ডাঃ নীলোৎপল রায় রোগীর গর্ভাবস্থার সময় চিকিৎসা করেন। তিনি এই বছরের জানুয়ারি মাসে একটি সুস্থ শিশু প্রসব করেছেন। তাঁর কোনও প্রসব-পরবর্তী জটিলতা হয়নি।

আমরা সুপারিশ করব যে, রোগীরা, বিশেষ করে হবু মায়েরা, পুরো প্রক্রিয়ার প্রতি ধৈর্যশীল এবং আশাবাদী মনোভাব গ্রহণ করুন। এই নির্দিষ্ট ক্ষেত্রে রোগী ব্যর্থ প্রচেষ্টার পরে আশা প্রায় ছেড়ে দিয়েছিলেন। আজ আমরা বলতে পারি, তাঁর প্রতীক্ষিত স্বপ্ন IVF-এর মাধ্যমে পূর্ণ হয়েছে।



